ভোরের কাগজ

4

JAN. 0 3 2000

তারিখ ... ... ... ৩-১-২০০০
পৃষ্ঠা ৩ ... কলাম ৪ ......

## বিশেষজ্ঞদের সতর্কতা

# ওয়াইটুকের বিষয়ে নিশ্চিন্ত হওয়ার সময় আসেনি

বড়ো ধরনের কোনো ওয়াইটুকে সমস্যা ছাড়াই বিশ্ব নতুন সহাস্রব্দে পদার্পণ করলেও বিশেষজ্ঞরা সতর্ক করে দিয়ে বলেছেন, সমস্যা দেখা দেওয়ার সময় এখনো অতিক্রান্ত হয়নি। যুক্তরাষ্ট্র ও জাপানের কয়েকটি পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে সামান্য কিছু সমস্যা ছাড়া বহুল আলোচিত ওয়াইটুকে সমস্যা তেমন কোনো সংকট সৃষ্টি না করায় বিশ্বব্যাপী স্বস্তির লক্ষণ দেখা গেছে। অনেকে এমনো বলছেন যে, ওয়াইটুকে সমস্যাকে অতিরঞ্জিত করে দেখা হয়েছে এবং অর্থের শ্রাদ্ধ করা হয়েছে। এপি, এফপি, রয়টার।

বিশেষজ্ঞরা এখনো এ জাতীয় অভিমতের সঙ্গে একমত হতে পারছেন না। তাদের বক্তব্য হচ্ছে, ওয়াইটুকে সমস্যা এড়ানোর জন্য বিশ্বব্যাপী যে পরিমশ্রমী উদ্যোগ নেওয়া হয় এবং বিশেষত কম্পিউটারের সফটওয়্যার পরিবর্তন করা হয় তাতে তারা বড়ো ধরনের কোনো সমস্যা আশঙ্কা করেননি। সারা বিশ্ব এ খাতে এক ট্রিলিয়ন ডলার ব্যয় খরচ করেছে এবং এ থেকে কিছু ভালো ফল আশা করা যেতে পারে। কাজেই পুরোদমে প্রস্তুতি নেওয়ার পর বিশ্বের গুরুত্বপূর্ণ বিদ্যুৎ টেলিযোগাযোগ এবং বিমান চলাচল খাতে কোনো বড়ো সংকট দেখা না দেওয়ায় বিস্মিত হওয়ার কিছু নেই।

যুক্তরাষ্ট্রের ওয়াইটুকে বিশেষজ্ঞ হাওয়ার্ড রুবিন বলেন, সহস্রাব্দের শুরুতেই সাপ্তাহিক ছুটি থাকায় বিশ্বের মাত্র ১০ শতাংশ সিস্টেম কার্যকর ছিল। বিশ্বের বেশির ভাগ দেশেই এখনো বাণিজ্যিক কার্যক্রম শুরু হয়নি কাজেই ওয়াইটুকে সমস্যাকে পুরোপুরি জয় করা গেছে এ কথা এখনো বলা যায় না।

নতুন সহস্রাব্দে পদার্পণের পর যুক্তরাষ্ট্র তার একটি পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে সামান্য সমস্যার কথা জানায়। পেন্টাগন গত শনিবার জানায় ভূ-পৃষ্ঠে স্থাপিত একটি ব্যবস্থায় ত্রুটির কারণে তারা শুক্রবার মধ্যরাতের পর কয়েক ঘন্টা তাদের কয়েকটি গোয়েন্দা স্যাটেলাইট থেকে তথ্য সংগ্রহ করতে পারেনি। ফ্রান্স জানায়, তাদের একটি প্রতিরক্ষা স্যাটেলাইট যান্ত্রিক ত্রুটি শনাক্ত করার ক্ষমতা হারিয়েছে। সুইডেনে এবং মিসরের হাসপাতালে চিকিৎসা সরঞ্জামে খুব সামান্য সমস্যা হয়েছে। জাপানের একটি পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে তেজস্ক্রিয়তা অ্যালার্ম সিস্টেম অচল হয়ে যায়। জাপানি কর্মকর্তারা গতকাল রোববার জানান, তারা এ সমস্যা সমাধান করেছেন এবং এ থেকে কোনো তেজস্ক্রিয়তা ছড়ায়নি।

জাতিসংঘের আন্তর্জাতিক ওয়াইটুকে কোঅপারেশন সেন্টারের পরিচালক ব্রুস ম্যাককনেল বলেন, সবকিছু খুবই ভালো অবস্থায় রয়েছে। তবে তিনি বলেন, ওয়াইটুকের বিরুদ্ধে সম্পূর্ণ বিজয় ঘোষণার সময় এখনো আসেনি। মার্কিন কর্মকর্তারা বিশ্বব্যাংক সমর্থিত ওয়াইটুকে সেন্টারকে একটি স্থায়ী প্রতিষ্ঠানে পরিণত করার আগ্রহ ব্যক্ত করেছেন।

এদিকে বিমান চলাচল ব্যবস্থায় কোনো গোলোযোগ দেখা না দেওয়ায় ব্যাংককে অবস্থিত এশিয়া প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ওয়াইটুকে মনিটরিং সেন্টার তাদের কর্মসূচি অনেকটা সীমিত করেছে। যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় বিমান চলাচল কর্তৃপক্ষের প্রধান জেন গার্ভে এবং প্রেসিডেন্ট ক্লিনটনের শীর্ষ ওয়াইটুকে উপদেষ্টা জন কসাকিনেন নতুন সহস্রাব্দে পদার্পণের মুহূর্তে বিমানে চড়ে আমেরিকানদের নিরাপদ বিমান ভ্রমণের বিষয়ে আশ্বস্ত করেন।

সিঙ্গাপুর এয়ারলাইনস কোনো সমস্যা না থাকায় গতকাল তাদের ওয়াইটুকে কমান্ড সেন্টার গুটিয়ে নেয়। থাইল্যান্ডের জাতীয় ওয়াইটুকেগ কমান্ড সেন্টারও তাদের কার্যক্রম সীমিত করে জনবল অর্ধেকে কমিয়ে আনে।